

ভারত সফরে সংযুক্ত আরব আমীরশাহীর বিদেশ বিষয়ক প্রতিমন্ত্রী

ড. আনোয়ার গার্গাস (অগস্ট ০৯-১০, ২০১৭)

ভারত সফরকালে সংযুক্ত আরব আমীরশাহীর বিদেশ বিষয়ক প্রতিমন্ত্রী ড. আনোয়ার গার্গাস ৯ অগস্ট একটি প্রতিনিধি পর্যায়ের বৈঠক করেন পররাষ্ট্র বিষয়ক প্রতিমন্ত্রী শ্রী এম জে আকবরের সঙ্গে। ড. গার্গাস বিশেষ ভাবে সাক্ষাৎ করেন জাতীয় নিরাপত্তা উপদেষ্টার সঙ্গে। এ ছাড়াও তিনি সাক্ষাৎ করেন পররাষ্ট্রমন্ত্রী শ্রীমতি সুষমা স্বরাজ এবং পররাষ্ট্র সচিব ড. এস জয়শঙ্করের সঙ্গে।

ড. গার্গাসের সফরসঙ্গী ছিলেন জনাব মহম্মদ শারাফ, অর্থনৈতিক বিষয়ক সহকারী মন্ত্রী এবং ইউএই-এর অন্যান্য উর্ধ্বতন সরকারি অফিসাররা। দ্বিপাক্ষিক, আঞ্চলিক এবং আন্তর্জাতিক বিষয় সম্পর্কিত পারস্পরিক স্বার্থজনিত বিষয় নিয়ে দু'পক্ষ আলোচনা করে। আলোচনা হয় সম্পূর্ণ বন্ধুত্বপূর্ণ এবং গঠনমূলক পরিবেশে।

পররাষ্ট্র বিষয়ক প্রতিমন্ত্রী শ্রী এম জে আকবর সন্তোষ প্রকাশ করেছেন সাম্প্রতিক উচ্চ পর্যায়ের সফরকালে দু'পক্ষের মধ্যে পারস্পরিক স্বার্থজনিত বিষয় নিয়ে আলোচনার বিষয়ে, যার ফলে দু'পক্ষই উপকৃত হয়েছে। ভারতের শক্তি নিরাপত্তা নিয়ে সহযোগিতার বিষয়ে ইউএই-কে ধন্যবাদ জানান তিনি, যারা আমাদের অপরিশোধিত তেলের মূল সরবরাহকারী।

ভারতে বিনিয়োগের বিষয়ে ইউএই তাদের লক্ষ্যমাত্রা ধার্য করার বিষয়টি নিয়ে উভয় পক্ষই পর্যালোচনা করে। এনআইআইএফ মাস্টার ফাস্ট-এর প্রতি আবু ধাবি বিনিয়োগকারী সংস্থার সঙ্গে ইউএই-এর জাতীয় বিনিয়োগকারী জাতীয় পরিকাঠামো বিনিয়োগ ফান্ডের মধ্যে মডউ স্বাক্ষরের বিষয়ে সন্তোষ প্রকাশ করেছেন প্রতিমন্ত্রী শ্রী এম জে আকবর। ইউএই-এর গোটা দেশের উন্নয়নে সেখানে বসবাসকারী ভারতীয় সম্প্রদায়ের সহযোগিতার জন্য আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করেন ড. গার্গাস, যা আমাদের দু'দেশের মধ্যেকার দারণ দ্বিপাক্ষিক সম্পর্ককে গুরুত্বপূর্ণ অগ্রগতি দান করেছে।

আঞ্চলিক বিষয়ের প্রেক্ষাপটে, ড. গার্গাস উপসাগরীয় অঞ্চলের পরিস্থিতি নিয়ে ভারতকে বিস্তারিত ভাবে জানান। তাকে জানানো হয়, উপসাগরীয় এলাকায় শান্তি ও নিরাপত্তা বিষয়ে ভারতের অবস্থান, যারা মনে করে শান্তি অব্যাহত রাখতে ওই অঞ্চলের অগ্রগতি ও সমৃদ্ধি সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ বিষয়। সন্ত্রাসবাদ, হিংসাত্মক চরমপন্থা, ধর্মীয় অসহিষ্ণুতা আঞ্চলিক স্থিতিশীলতার জন্য শুধু নয়, বিশ্ব শান্তি ও সার্বভৌমত্বের ক্ষেত্রেও বড়সড় ভূমকি। ভারত দৃঢ়ভাবে মনে করে যে, গঠনমূলক সংলাপ এবং শান্তিপূর্ণ আলোচনা প্রক্রিয়ার মাধ্যমেই বিভিন্ন মত পার্থক্য দূর করা সম্ভব।

নয়াদিল্লি

অগস্ট ১০, ২০১৭